

# দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩ আখ্য়াবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯, ফ্যাক্স-৭১০১৮৩  
E-mail:info@chittagongchamber.com, website.www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-৪০

০৮ মে ২০১৭ ইং

নিম্নোক্ত বিজ্ঞপ্তিখানা সম্মানিত চেম্বার সদস্যদের সদয় অবগতির জন্য প্রেরণ করা গেলঃ

স্বাক্ষরিত/-

(প্রকৌশলী মোঃ আলমগীর চৌধুরী)

সেক্রেটারী ইনচার্জ

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পাট অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

[www.dgjute.gov.bd](http://www.dgjute.gov.bd)

নং-২৪.০১.০০০০.০৪.০৭১.০০১(অংশ-০৪).১৭-২০৮

তারিখঃ ৩০/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” বাস্তবায়নের লক্ষ্যে “বিশেষ অভিযান” পরিচালনা সংক্রান্ত।

সূত্রঃ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ০৯/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্ড্র মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন, পর্যালোচনা ও ভবিষ্যৎ করণীয় সম্পর্কে গত ০৯/০৪/২০১৭ খ্রিঃ তারিখে আন্ড্র মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নের নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (১) “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” প্রয়োগ ও বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৫ মে, ২০১৭ তারিখ হতে সমগ্র দেশব্যাপী অভিযান পরিচালিত হবে;
  - (২) অভিযান পরিচালনায় স্বরাষ্ট্র, পরিবেশ ও বন, নৌ-পরিবহন, সড়ক পরিবহন, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পাট অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, স্থল বন্দর কর্তৃপক্ষ, বিআইডবিগিউটিএ, বিআইডবিগিউটিসি, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসন, পুলিশ, র‍্যাভ, বিজিবি, আনসারসহ সকলের সহযোগিতা গ্রহণ করতে হবে;
  - (৪) বিধি দ্বারা নির্ধারিত ১৭টি পণ্য (ধান, চাল, গম, ভুট্টা, সার, চিনি, মরিচ, পেঁয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া) উৎপাদনকারী, ও সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ আগামী ১৪ মে, ২০১৭ তারিখের মধ্যে পাটের বস্ত্র/ব্যাগ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করতে হবে;
  - (৮) ক্রেতার চাহিদা মোতাবেক বিজেএমসি, বিজেএমএ এবং জেডিপিসি’র ক্ষুদ্র উদ্যোক্তাগণ যে কোন Specification অনুযায়ী পাটের বস্ত্র/ব্যাগ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করবে;
  - (১০) বিশেষ অভিযান সম্পর্কে সমগ্র দেশের জনগণকে মোবাইল ফোনের মাধ্যমে এসএমএস, লিফলেট, পোস্টার, সরকারি/বেসরকারি টেলিভিশনের স্ক্রলে প্রচারসহ টিভিসি ও সভা-সমাবেশ এর মাধ্যমে অবহিত করতে হবে। প্রচার-প্রচারণার কাজে কৃষি মন্ত্রণালয়ের অধীন AIS (Agricultural Information Service) এর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে পাট অধিদপ্তর এবং বিজেএমসি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
  - (১১) শিল্প মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক উৎপাদিত ও আমদানীকৃত সার (ইউরিয়া ও নন-ইউরিয়া) এবং চিনি মোড়কীকরণে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগের ব্যবহার নিশ্চিত করতে হবে;
  - (১৪) বিভাগীয় কমিশনারের কার্যালয়ে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলন এবং জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জেলা উন্নয়ন সমন্বয় সভায় “বিশেষ অভিযান” পরিচালনার বিষয়ে এজেন্ডা আকারে আলোচনার ব্যবস্থা করতে হবে;
- ০২। এমতাবস্থায়, আন্ড্র মন্ত্রণালয়ের উপরোক্ত সিদ্ধান্তের আলোকে জেলা ও উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্টদের সাথে সমন্বয় করে বিশেষ অভিযান সম্পর্কে একটি কর্ম পরিকল্পনা গ্রহণ পূর্বক “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

(মোহলেহ উদ্দিন)

অতিরিক্ত সচিব

মহাপরিচালক

ফোন : ০২-৯৫৬১৫৪৬